# সমাজ সংশোধনের দিক-নির্দেশনা

বিচারপতি আল্লামা মুফতী মুহাম্মাদ তাকী উসমানী

মাওলানা মুহাম্মাদ শফিকুল ইসলাম
অনূদিত

প্রকাশনায়
রাহনুমা প্রকাশনী™

بسم الله الرحمن الرحيم

# ভূমিকা

আধুনিক যুগে ইসলামের যথার্থ বাস্তবায়ন এবং জীবনের নানা ক্ষেত্রে নিত্য-নতুন সমস্যার ইসলামী সমাধান প্রসঙ্গে বিগত তেইশ বছর ধরে আমি কিছু না-কিছু লিখছি সাধ্যানুযায়ী। আমার অধিকাংশ প্রবন্ধই মাসিক *আল বালাগ* এ প্রকাশিত হচ্ছে। আজ থেকে পনেরো বছর পূর্বে এ ধরনের বেশ কিছু প্রবন্ধ নিয়ে প্রায় সাড়ে সাতশ পৃষ্ঠার একটি সংকলন عصر حاضر میں اسلام کیسے نافذ ہو শিরোনামে প্রকাশিত হয়েছিল। সেই সংকলনটি প্রকাশিত হওয়ার পরও অধমের আরও বেশ কিছু প্রবন্ধ লেখার সুযোগ হয়েছে একই বিষয়ের অন্যান্য দিক নিয়ে। বন্ধুমহল থেকে তাগাদা এসেছে, নতুন প্রবন্ধগুলোও উপরোক্ত গ্রন্থের অন্তর্ভুক্ত করা হোক। কিন্তু আমি ভেবে দেখলাম, তাতে গ্রন্থটির আকার অনেক বড় হয়ে যায়। আর সে কারণে প্রথমত তা থেকে উপকৃত হওয়া কঠিন হবে, তা ছাড়া নতুন প্রবন্ধগুলো রাষ্ট্র, আইন, জীবন, শিক্ষা, সমাজ ও ব্যক্তির সংস্কার ও সংশোধন ইত্যাদি অধ্যায়ে বিভক্ত। এগুলো বৃহৎ গ্রন্থের অংশ হলে একটা সমস্যা এই যে যদি কোনো পাঠক এসব বিষয়ের মধ্য থেকে বিশেষ কোনো একটি বিষয়ের প্রবন্ধের প্রতি আগ্রহী হন তাহলে তাকেও সেই বিশাল গ্রন্থটাই সংগ্রহ করতে হবে। অথচ হতে পারে যে এর অনেক অধ্যায়ই তার জন্য তেমন উপকারী নয়।

بسم الله الرحمن الرحيم

# ভূমিকা

আধুনিক যুগে ইসলামের যথার্থ বাস্তবায়ন এবং জীবনের নানা ক্ষেত্রে নিত্য-নতুন সমস্যার ইসলামী সমাধান প্রসঙ্গে বিগত তেইশ বছর ধরে আমি কিছু না-কিছু লিখছি সাধ্যানুযায়ী। আমার অধিকাংশ প্রবন্ধই মাসিক *আল বালাগ* এ প্রকাশিত হচ্ছে। আজ থেকে পনেরো বছর পূর্বে এ ধরনের বেশ কিছু প্রবন্ধ নিয়ে প্রায় সাড়ে সাতশ পৃষ্ঠার একটি সংকলন عصر حاضر میں اسلام کیسے نافذ ہو শিরোনামে প্রকাশিত হয়েছিল। সেই সংকলনটি প্রকাশিত হওয়ার পরও অধমের আরও বেশ কিছু প্রবন্ধ লেখার সুযোগ হয়েছে একই বিষয়ের অন্যান্য দিক নিয়ে। বন্ধুমহল থেকে তাগাদা এসেছে, নতুন প্রবন্ধগুলোও উপরোক্ত গ্রন্থের অন্তর্ভুক্ত করা হোক। কিন্তু আমি ভেবে দেখলাম, তাতে গ্রন্থটির আকার অনেক বড় হয়ে যায়। আর সে কারণে প্রথমত তা থেকে উপকৃত হওয়া কঠিন হবে, তা ছাড়া নতুন প্রবন্ধগুলো রাষ্ট্র, আইন, জীবন, শিক্ষা, সমাজ ও ব্যক্তির সংস্কার ও সংশোধন ইত্যাদি অধ্যায়ে বিভক্ত। এগুলো বৃহৎ গ্রন্থের অংশ হলে একটা সমস্যা এই যে যদি কোনো পাঠক এসব বিষয়ের মধ্য থেকে বিশেষ কোনো একটি বিষয়ের প্রবন্ধের প্রতি আগ্রহী হন তাহলে তাকেও সেই বিশাল গ্রন্থটাই সংগ্রহ করতে হবে। অথচ হতে পারে যে এর অনেক অধ্যায়ই তার জন্য তেমন উপকারী নয়।

এ বিষয়টি বিবেচনা করে মনে হলো, প্রবন্ধগুলোকে একটিমাত্র গ্রন্থে সন্নিবেশিত করার পরিবর্তে প্রত্যেক বিষয়ে পৃথক সংকলন প্রস্তুত করাই সমীচীন হবে। তাই অধম নিম্নলিখিত প্রতিটি শিরোনামে একাধিক প্রবন্ধ সংকলন করে আলাদা আলাদা পুস্তক তৈরি করেছে।

۱. نفاذ شریعت اور اس کے مسائل

۲. اسلام اور سیاست حاضرہ

۳. اسلام اور جدت پسندی

۴. ہمارا تعلیمی نظام

۵. فرد کی اصلاح

۶. سیرت طیبہ

۷. اصلاح معاشرہ

۸. ہمارا معاشی نظام

۹. مسلمان اور قادیانیت

এখন এই নয়টি সংকলনের সপ্তম শিরোনামের পুস্তকটি اصلاح معاشرہ উপস্থাপন করা হচ্ছে। (যার বাংলা অনুবাদ করা হয়েছে *সমাজ সংশোধনের দিক-নির্দেশনা*) মহান আল্লাহর দরবারে প্রার্থনা, তিনি যেন খেদমতটুকুকে মুসলমানদের জন্য উপকারী বানান এবং অধমের জন্য পরকালীন সঞ্চয় হিসেবে গ্রহণ করেন। আমীন।

মুহাম্মাদ তাকী উসমানী
৩, যিলহজ্ব, ১৪১০ হিজরী।

# সূচিপত্র

অশ্লীলতার সয়লাব.................................................. ০৯
এ নাচ-গান বন্ধ করুন.............................................. ১৯

অশ্লীলতার আযাব 'এইডস'......................................... ২৭
ওদের সভ্যতাই ওদের ধ্বংস করবে

অপরাধ ও তার প্রতিকার............................................ ৩৫
ক্রিড়া-বিনোদন নাকি জীবনের লক্ষ্য-উদ্দেশ্য.................. ৪৫
পত্র-পত্রিকার সম্পাদকের প্রতি.................................. ৪৯
সমাজসংস্কার........................................................... ৫৪

নারীর অধিকার ও পর্দা
নারীঅধিকার সংস্থার রিপোর্ট-১.................................. ৫৭
নারীঅধিকার সংস্থার রিপোর্ট-২.................................. ৬৫
নারীঅধিকার সংস্থার রিপোর্ট-৩.................................. ৭৮

সরদারি ব্যবস্থা ও পর্দা.............................................. ১০১
নারীসমাজের বিক্ষোভ.............................................. ১০৭

ফিল্মের সাহায্যে ধর্মের প্রচার .................................. ১১৮
রিসালাত যুগের ফিল্মবন্দী

ইসলামী নিদর্শনের অবমাননা...................................... ১২৭
দুটি ঘৃণ্য ক্রিয়াকলাপ

# অশ্লীলতার সয়লাব

আসুন, একটু চিন্তা করি।

যেসব কর্ম ও চিন্তার ওপর ইসলামধর্মের ভিত্তি তার মধ্যে অত্যন্ত গুরুত্বপূর্ণ হলো চরিত্রের পবিত্রতা। ইসলামের অসংখ্য শিক্ষা একে কেন্দ্র করেই আবর্তিত। ইসলাম বিশেষভাবে মুসলমানদের জন্য এবং ব্যাপকভাবে গোটা বিশ্বের জন্য যে জীবনব্যবস্থা প্রতিষ্ঠিত করতে চায়, তা এমন নির্মল-নিষ্কলঙ্ক জীবনব্যবস্থা—যার মাথায় শোভা পাবে পবিত্রতার মুকুট, যার কোনো অংশে থাকবে না চরিত্রহীনতা ও বেহায়াপনার অবকাশ। তাই তো ইসলাম নৈতিক ও আইনী শিক্ষার ক্ষেত্রে স্বাধীনতা ও উদরতার কোনো অবকাশ রাখেনি। যে সকল দিক দিয়ে বেহায়াপনা অনুপ্রবেশের সামান্যতমও আশঙ্কা ছিল, ইসলাম সেই সকল দিকেই নিযুক্ত করেছে কড়া প্রহরা। ইসলামের নবী মুহাম্মদ মুস্তফা সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক হাদীসে ইরশাদ করেছেন:

من يضمن لي ما بين لحييه وما بين رجليه أضمن له الجنة

যে ব্যক্তি আমার কাছে তার দুই চোয়ালের মধ্যবর্তী বস্তু (অর্থাৎ জিহ্বা) এবং দুই উরুর মধ্যবর্তী বস্তু (অর্থাৎ লজ্জাস্থান) নিয়ন্ত্রণের দায়িত্বভার গ্রহণ করবে আমি তার জন্য জান্নাতের দায়িত্ব গ্রহণ করব। (সহীহ বুখারী)

হুযূরের এই প্রজ্ঞাপূর্ণ নির্দেশনা মানবসমাজের পীড়াগ্রস্ত শিরায় হাত রেখে এই নির্ভুল ব্যবস্থাপত্র (প্রেসক্রিপশন) প্রদান করেছে যে পৃথিবীতে যত অনাচার ও অন্যায়-অপরাধ সংঘটিত হয়, সবকিছুর কারণ দুটি। ...অসংযত জবান, যাতে অশ্লীল কথা, উদরপূর্তির উদ্দেশ্যেকৃত সকল পাপাচারও শামিল; অসংযত যৌনচাহিদা যা সমগ্র সমাজকে প্রভাবিত করে এবং শেষ পর্যন্ত ধ্বংসের দিকে ধাবিত করে। তাই ইসলামধর্ম এ দুটি ক্ষেত্রে অত্যন্ত সজাগ-

সতর্ক এবং এ দুয়ের ভারসাম্য রক্ষায় অত্যন্ত সুদূরপ্রসারী ও সার্বজনীন বিধান প্রদান করেছে।

যৌনচাহিদা মানবের স্বভাবজাত বিষয় যা সংযতভাবে পবিত্রতার সঙ্গে ব্যবহৃত হলে জীবন হয় আনন্দপূর্ণ। হয় মানবজাতির অস্তিত্ব রক্ষার কারণ প্রীতি ও ভালোবাসার পবিত্র সম্পর্ক হয়ে উঠে প্রগাঢ়। কিন্তু এই চাহিদাই যদি সীমা ছাড়িয়ে পাশবিকতার দিকে মোড় নেয় তাহলে পুরো জীবনব্যবস্থা হয়ে যায় বিপর্যস্ত। জীবনে নেমে আসে অরাজকতা। পারস্পারিক সম্পর্ক ও বন্ধন হয়ে পড়ে লৌকিকতার বেড়াজালে আবদ্ধ। দেখা দেয় পিতৃপরিচয়হীনতার বিপর্যয়। দেখা দেয় নৈতিক-অবক্ষয়, শারীরিক রোগ-ব্যাধি ও মহামারি। পারস্পরিক ঘৃণা ও শত্রুতার আগুন জ্বলে ওঠে দাউ দাউ করে। সামাজিক শক্তি ও কর্ম-চাঞ্চল্য স্তিমিত হয়ে পড়ে এবং মানুষ শ্রেষ্ঠ জীবের আসন থেকে ছিটকে নেমে পড়ে কুকুর-বেড়ালের স্তরে।

ইসলাম বৈরাগ্যবাদের মতো মানবের স্বভাবজাত চাহিদাকে একেবারে অস্বীকার করেনি; বরং একদিকে যেমন এ চাহিদাকে পুরোপুরি মেনে নিয়ে এর সঠিক ব্যবহারে বিবাহের মতো পবিত্র পদ্ধতির ব্যবস্থা করেছে তেমনি প্রদান করেছে অসংখ্য সহজ-সরল নীতি ও বিধি-বিধান এবং এ নীতিমালা ও বিধি-বিধান প্রণয়নে এদিকেও সজাগ থেকেছে যে এ পবিত্র সম্পর্ক যেন সৃষ্টিগত চাহিদা পূরণে যথেষ্ট হয়। আবার অন্য দিকে, যে সকল ভারসাম্যহীনতার কারণে যৌনচিন্তা বিভ্রান্ত হয় এবং যৌনাকাঙ্ক্ষা অনিয়ন্ত্রিত হয়ে প্রবৃত্তিপূজার সীমাহীন ক্ষুধা সৃষ্টি করে এবং যে সকল বিষয় জীবনব্যবস্থায় যেকোনো উপায়ে অশ্লীলতা, উলঙ্গপনা ও বেহায়াপনার কারণ হতে পারে, ইসলাম সে সবকিছুর উপরই আরোপ করেছে কঠিন বিধি নিষেধের প্রতিবন্ধকতা।

চরিত্রের পবিত্রতা রক্ষায় কুরআন ও সুন্নাহ রয়েছে নৈতিক ও আইনগত নির্দেশনার সুদীর্ঘ ধারা। যার সূচনা হয় নিম্নোক্ত নির্দেশনা দ্বারা—

قُلْ لِّلْمُؤْمِنِيْنَ يَغُضُّوْا مِنْ اَبْصَارِهِمْ وَ يَحْفَظُوْا فُرُوْجَهُمْ ؕ ذٰلِكَ اَزْكٰى لَهُمْ ؕ اِنَّ اللّٰهَ خَبِيْرٌۢ بِمَا يَصْنَعُوْنَ

'আপনি মুসলিম পুরুষগণকে বলে দিন, তারা যেন তাদের দৃষ্টিকে অবনত রাখে এবং তাদের লজ্জাস্থানের হেফাজত করে। এটা তাদের জন্য পবিত্রতা

অবলম্বনে সহায়ক হবে। নিঃসন্দেহে আল্লাহ তাদের সকল কৃতকর্ম সম্পর্কে সম্যক অবগত।' (নূর : ৩০)

অন্যদিকে মুসলিম নারীর প্রতি ইরশাদ—

وَقَرْنَ فِي بُيُوتِكُنَّ وَلَا تَبَرَّجْنَ تَبَرُّجَ الْجَاهِلِيَّةِ الْأُولَىٰ

'তোমরা তোমাদের ঘরের ভেতরে অবস্থান করো। প্রাচীন বর্বর যুগের মতো নিজেদের শোভা-সৌন্দর্য দেখিয়ে বেড়িয়ো না।' (আহযাব : ৩৩)

বরং আরও পূর্বে নারীদের প্রতি এই নির্দেশনা যে—

فَلَا تَخْضَعْنَ بِالْقَوْلِ فَيَطْمَعَ الَّذِي فِي قَلْبِهِ مَرَضٌ وَقُلْنَ قَوْلًا مَعْرُوفًا

'তোমরা (গায়রে মাহরাম পুরুষদের সঙ্গে) কোমলতার সঙ্গে কথা বোলো না। তাহলে যার অন্তরে ব্যাধি আছে সে প্ররোচিত হবে। আর তোমরা নিয়মসম্মত কথা বোলো।' (আহযাব : ৩২)

আবার পুরো সমাজের চিন্তা-ভাবনা ও আবেগ-অনুভূতিকে পবিত্র রাখার জন্য প্রচারের যত মাধ্যম আছে সেগুলোকেও সতর্ক করা হচ্ছে।

إِنَّ الَّذِينَ يُحِبُّونَ أَنْ تَشِيعَ الْفَاحِشَةُ فِي الَّذِينَ آمَنُوا لَهُمْ عَذَابٌ أَلِيمٌ فِي الدُّنْيَا وَالْآخِرَةِ وَاللَّهُ يَعْلَمُ وَأَنْتُمْ لَا تَعْلَمُونَ

'নিঃসন্দেহে যারা মুসলমানদের মাঝে অশ্লীলতার চর্চা করতে চায় তাদের জন্য দুনিয়া ও আখেরাতে আছে যন্ত্রণাদায়ক আযাব। আল্লাহ জানেন, তোমরা জানো না।' (নূর : ১৯)

এ ধরনের অসংখ্য নির্দেশনার মাধ্যমে মানুষের কর্ণ, চক্ষু ও অন্তঃকরণ এবং তার সমগ্র চিন্তা-ভাবনা ও আবেগ-অনুভূতি জুড়ে খোদাভীতি ও আখেরাতচিন্তার প্রহরা নিযুক্ত করা হয়েছে। উপরন্তু এ সকল নির্দেশনা অমান্য বা অবমাননার সাজা বড় ভয়াবহ ও দৃষ্টান্তমূলক। ইসলাম দুষ্কৃতিকারীদের জন্য এগুলো নির্ধারণ করে রেখেছে।

কুরআন ও সুন্নাহর এ সকল হেদায়াত ও সরকারে দু-আলম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের তালীম ও তারবিয়তের প্রভাবে চরিত্রের পবিত্রতায় ও